

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৩২ তারিখঃ ৩ আগস্ট ২০১৭ বৃহস্পতিবার

সর্বশেষ পরিস্থিতি

- গত ৯ এপ্রিল হতে ২ আগস্ট ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৮৯৯ জন।
- গত ১২ মে হতে অদ্যাবধি ঢাকা মহানগরের বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রালজিয়া রোগীর সংখ্যা ৯,১৯৫ জন। যারা তথ্য দিচ্ছেঃ সরকারী মেডিক্যাল কলেজ হাসপাতাল সমূহ (ঢাকা, মিটফোর্ড, সোহরাওয়ার্দী, মুগদা), বেসরকারী হাসপাতালসমূহ (ঢাকা শিশু, ইউনাইটেড, এপোলো, ডেল্টা, শহীদ মনসুর আলী ও অন্যান্য) ও চিকিৎসকের চেম্বার।
- দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর তথ্য নিম্নরূপ। আইইডিসিআর যাচাই-বাছাই করে সম্ভাব্য রোগীর সংখ্যা চূড়ান্ত করেছে।

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ৩ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২,৯৬৬। সম্ভাব্য নতুন রোগী ১০২৭ জন ও পুরোনো রোগী ১,৩৪০ জন। অবশিষ্টরা তথ্য জানতে চেয়েছেন।
- স্বাস্থ্য অধিদপ্তরের ২৪ ঘন্টার হটলাইন টেলিফোন সেবাকেন্দ্র 'স্বাস্থ্য বাতায়ন'-এ গত ১৩ জুলাই থেকে চিকুনগুনিয়া বিষয়ে যে কোন নাগরিকের প্রশ্নের জবাব ও তথ্য প্রদান করা হচ্ছে।

Chikungunya Update : Shasthobaton (July 13, 2017 – Aug 01, 2017)




Fig: Chikungunya Calls : Shasthobaton 16263 (July 13- Aug 01, 2017)

'স্বাস্থ্য বাতায়ন'-এ গত ১৩ জুলাই থেকে আজ অবধি সারা দেশ থেকে বিভিন্ন রোগ সম্পর্কে জানার জন্য মোট ৫২,৫২৭টি ফোনকল এসেছে। তার মধ্যে চিকুনগুনিয়ার সম্ভাব্য রোগীদের কল এসেছে ৫৯১৩টি (মোট কলের ১১.৬৪%)। আবার মোট রোগীদের মধ্যে জ্বরে আক্রান্ত তাৎক্ষণিক সম্ভাব্য রোগীর কল ৫৬৩৯টি (মোট সম্ভাব্য রোগীর ৯২.২৫%) ও পুরোনো রোগীর কল এসেছে ৫৩৪টি (মোট সম্ভাব্য রোগীর ৮.৭৪%)।

ভেক্টর নিয়ন্ত্রণে মতবিনিময় সভা



আজ আইইডিসিআর মিলনায়তনে বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র কীটতত্ত্ব পরামর্শক জনাব কে. কৃষ্ণমূর্তি'র সাথে মতবিনিময় সভায় অংশ নেন এদেশের বিশিষ্ট কয়েকজন কীটতত্ত্ববিদ, রোগতত্ত্ববিদ ও ক্লিনিক্যাল চিকিৎসক। এদেশে চিকুনগুনিয়ার ভেক্টর ও রোগ সম্পর্কে বিভিন্ন তথ্য নিয়ে আলোচনা হয়। এর ওপর ভিত্তি করে একটি সমন্বিত ভেক্টর ব্যবস্থাপনা নির্দেশিকা (Integrated Vector Management Guideline) প্রণয়ন করা হবে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর সংখ্যা (০৩/০৮/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই শেষে রোগীর সংখ্যা (০৩/০৮/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	৪	০
গোপালগঞ্জ	১১	১
ঢাকা জেলা*	৫৩	৭
নরসিংদী	১৮	১৩
মুন্সীগঞ্জ	২৩	৮
নারায়নগঞ্জ	৯	০
গাজীপুর	৮	৩
নেত্রকোনা	৩	১
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	২৫	৬
রাজশাহী	১	১
নওগাঁ	৩	০
কিশোরগঞ্জ	১	০
সর্বমোট	১৭৬	৪৬**

* ঢাকা সিটি কর্পোরেশন ব্যতীত।

**এদের কারো কারো ঢাকা মহানগর ভ্রমণের ইতিহাস আছে ও এদের অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন